গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট
**সমন্বিত উপবৃত্তি কর্মসূচি**
বাড়ী নং-৪৪, সড়ক নং- ১২/এ, ধানমন্ডি, ঢাকা-১২০৯
www.pmeat.gov.bd

প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট

স্মারক নং: এইচএসপি/আইসিটিশাখা/মাঠপর্যায়ের তদন্ত/১৬০/২০২২ / ৭২ (৯) তারিখ: ০৭/০৭/২০২৫খ্রি:

বিষয়: উপবৃত্তি প্রাপ্ত শিক্ষার্থীর তথ্য বিবরণীতে পিতা/মাতার পরিবর্তে ভিন্ন ব্যক্তির মোবাইল ব্যাংকিং হিসাব নম্বর ব্যবহার প্রসঙ্গে।

সূত্র: প্রোগ্রাম এক্সিকিউটিভ এন্ড কো-অর্ডিনেটর, iBAS++ & BACS, SPFMS, প্রোগ্রাম অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয় কর্তৃক প্রেরিত এক্সেলশীট।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, এতদসঙ্গে সংযুক্ত তালিকা মোতাবেক তাঁর উপজেলায় বর্ণিত শিক্ষা প্রতিষ্ঠানে উপবৃত্তিপ্রাপ্ত শিক্ষার্থীদের উপবৃত্তির অর্থ প্রাপ্তির জন্য পিতা/মাতা ব্যতীত অন্যান্য অভিভাবক হিসাবে ঘোষিত ভিন্ন ব্যক্তির মোবাইল ব্যাংকিং হিসাব নম্বর ব্যবহৃত হওয়ার কারণে সঠিক শিক্ষার্থী/অভিভাবকের নিকট উপবৃত্তির অর্থ বিতরণে অস্বচ্ছতা/সন্দেহ প্রতীয়মান হওয়ায় সংশ্লিষ্ট শিক্ষার্থীদের নিম্ন বর্ণিত তথ্যাদি যাচাই প্রয়োজন।

১। শিক্ষার্থী সংশ্লিষ্ট প্রতিষ্ঠানে অধ্যয়নরত আছে কি না?

২। পিতা/মাতা ব্যতীত ভিন্ন ব্যক্তির নামে মোবাইল ব্যাংকিং হিসাব খোলার কারন।

৩। পিতা/মাতা ব্যতীত অভিভাবক হিসেবে বর্ণিত ব্যক্তির সাথে শিক্ষার্থীর সম্পর্ক কি?

৪। পিতা/মাতা ব্যতীত ভিন্ন ব্যক্তির নামে মোবাইল ব্যাংকিং হিসাব খোলার বিষয়ে শিক্ষার্থীর সংশ্লিষ্ট আবেদন।

৫। পিতা/মাতা ব্যতীত অভিভাবক হিসেবে ভিন্ন ব্যক্তির নামে মোবাইল ব্যাংকিং হিসাব খোলার বিষয়ে শিক্ষা প্রতিষ্ঠান প্রধানের লিখিত বক্তব্য।

৬। পিতা/মাতা ব্যতীত ভিন্ন ব্যক্তিকে অভিভাবক হিসেবে উল্লেখ করে তার মোবাইল ব্যাংকিং হিসাব নম্বরে উপবৃত্তির অর্থ প্রেরণ করায় প্রকৃত শিক্ষার্থী বা তার অভিভাবকের নিকট উপবৃত্তির অর্থ পৌঁছাবে কি না এ বিষয়ে সংশ্লিষ্ট মাধ্যমিক শিক্ষা অফিসারের সুস্পষ্ট মতামত।

সরেজমিনে তদন্তপূর্বক চাহিত বর্ণিত তথ্যাদিসহ প্রতিবেদন ১০/০৭/২০২৫ খ্রি: তারিখের মধ্যে নিম্ন স্বাক্ষরকারী বরাবর ই-মেইল -mis.hsp@pmeat.gov.bd -এ জরুরিভাবে প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

বিষয়টি জরুরি।

০৭/০৭/২৫
মোহাম্মদ আবদুল হক
স্কিম পরিচালক (যুগ্মসচিব)

উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার,
..........................।

অনুলিপি: সদয় অবগতির জন্য (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)
১। প্রোগ্রাম কো-অর্ডিনেটর, এসইডিপি, পিসিইও, ঢাকা।
২। ব্যবস্থাপনা পরিচালক, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট, ধানমন্ডি, ঢাকা।
৩। প্রোগ্রাম এক্সিকিউটিভ এন্ড কো-অর্ডিনেটর, iBas++ & BACS, SPFMS প্রোগ্রাম, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, ঢাকা-১০০০।
৪। উপজেলা নির্বাহী অফিসার, সংশ্লিষ্ট উপজেলা।
৫। জেলা শিক্ষা অফিসার, সংশ্লিষ্ট জেলা।
৬। সকল কর্মকর্তা, সমন্বিত উপবৃত্তি কর্মসূচি, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট, ধানমন্ডি, ঢাকা (বর্ণিত বিষয়টি পরিবীক্ষণ ও সমন্বয় করার জন্য)।
৭। অধ্যক্ষ/প্রধান শিক্ষক/ সুপারিনটেনডেন্ট সংশ্লিষ্ট কলেজ/স্কুল/মাদ্রাসা (তদন্ত কার্যে সঠিক সহযোগিতা প্রদানের অনুরোধসহ)।
৮। সহকারী প্রোগ্রামার, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট, ধানমন্ডি, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৯। সংরক্ষণ নথি।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসারের কার্যালয়
বগুড়া সদর, বগুড়া।
seo.sadar.bogra.gov.bd

স্মারক নংঃ ৩৭.০২.১০২০.০০০.১৮.০০০.২৫- ১৪৯ তারিখঃ ০৮/০৭/২০২৫ খ্রিঃ

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরণ করা হলোঃ
০১। অধ্যক্ষ/প্রধান শিক্ষক/সুপার..........................কলেজ/স্কুল/মাদ্রাসা বগুড়া সদর, বগুড়া।
০২। অফিস কপি।

পত্রের মর্মানুসারে মহোদয়কে উপরে উল্লেখিত তথ্য আগামী ১৪/০৭/২০২৫ তারিখ দুপুর ১২.০০ টার মধ্যে (১ থেকে ৬ পর্যন্ত তথ্যাদি যাচাই পূর্বক) নিম্ন স্বাক্ষরকারীর দপ্তরে প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

08.07.2025
(মোঃ গোলাম মাহবুব মোরশেদ)
উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার
(অতিরিক্ত দায়িত্ব)
বগুড়া সদর, বগুড়া।
ফোন-০২৫৮৯৯০৪৪৬৮
E-mail: uscobogsadar2014@gmail.com